০৩/০৯/২০২৫

প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক ৮৪৮৯
অধ্যক্ষ
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.rajshahi.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৪৩.৮১০০.০০০.০২১.১৩.০০৪১.২৫.১৬০

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা 'নতুন কুঁড়ি-২০২৫' উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদান**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা নতুন কুঁড়ি বাংলাদেশ টেলিভিশনের যাত্রার শুরু থেকেই দেশ-বিদেশে প্রচুর সুনাম ও দর্শকপ্রিয়তা অর্জন করায় এবং এই প্রোগ্রামের মাধ্যমে দেশে অনেক খ্যাতিমান শিল্পী তৈরী হওয়ায় দেশব্যাপী প্রতিভা অন্বেষণ ও বিকাশের সুযোগ সৃষ্টির জন্য 'নতুন কুঁড়ি' প্রোগ্রামটি পুনরায় নতুন করে চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেই আলোকে জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'নতুন কুঁড়ি' প্রতিযোগিতার বিষয়ভিত্তিক কার্যক্রম প্রচার করা প্রয়োজন। এছাড়া, বিটিভির ওয়েবসাইট থেকে ম্যানুয়্যাল আবেদন ফরম ডাউনলোডপূর্বক নির্ধারিত কাগজপত্র সংযুক্ত করে notunkuribtv@gmail.com ই-মেইলে কিংবা রেজিস্ট্রি ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে 'নতুন কুঁড়ি', বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯ বরাবর নির্ধারিত তারিখের মধ্যে বিনামূল্যে আবেদন করতে পারবে।

এমতাবস্থায়, শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা 'নতুন কুঁড়ি-২০২৫' এ অংশগ্রহণের নিমিত্তে জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি: তারিখের মধ্যে আবেদন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) নতুন কুঁড়ি-২০২৫ সংক্রান্ত নির্দেশিকা

৩১-০৮-২০২৫
টুকটুক তালুকদার
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
০২৫৮৮৮৫২৯৩৪
adceduictrajshahi@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী।